

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-১ অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.০২.০০১.২০১৮- ২৭৯

তারিখ: ০২.১২.২০১৯ খ্রি:

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির অধীন "মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ" (কোড-১২৭-০২০১- ২২৪০২১০০৪) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৯-২০২০ অর্থ বছরের অনুমোদিত এডিপিতে বরাদ্দের আলোকে আরগিএ (জিওবি) খাতে ভ্যাকসিন সংগ্রহের জন্য ৩য় ও ৪র্থ কিস্তির অর্থছাড় সংক্রান্ত।

সূত্র: স্বা: অধি/এমএনসিএন্ড এএইচ/অর্থছাড়গ/২০১৯/২০২০/১৯৬ তারিখ: ১৭/১১/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, স্বাস্থ্য সেবা বিভাগের অধীন মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ (কোড-১২৭-০২০১-২২৪০২১০০৪) শীর্ষক অপারেশনাল প্লানে ২০১৯-২০২০ অর্থ বৎসরে এডিপিতে আরগিএ (জিওবি) খাতে মোট ৩৩৬৫০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে অর্থনৈতিক কোড ৩২৫২১০৯ - ঔষধ ও প্রতিষেধক খাতে মোট ২৭১৭৬.০৮ লক্ষ টাকা বরাদ্দ আছে; এর মধ্যে ইপিআই কার্যক্রমের ভ্যাকসিন সংগ্রহের জন্য মোট ২৬০০০.২৪ লক্ষ টাকার সংস্থান আছে। সময়মত ভ্যাকসিন সংগ্রহ ও সরবরাহ নিশ্চিত করতে না পারলে দেশে শিশু স্বাস্থ্য সুরক্ষা যেমন মারাত্মকভাবে ব্যাহত হবে, তেমনি দেশ ও বিদেশে সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে।


২। ইপিআই প্রোগ্রামের রুটিন ভ্যাকসিন সংগ্রহের জন্য আরগিএ (জিওবি) অর্থায়নে ইউনিসেফের সাথে MOU মোতাবেক অগ্রিম অর্থ ইউনিসেফকে প্রদান করতে হয়। ইউনিসেফ কর্তৃক অগ্রিম অর্থ গ্রহণের পর আন্তর্জাতিক বাজার হতে ভ্যাকসিন সংগ্রহ পূর্বক ইপিআইকে প্রদান করতে ইউনিসেফের প্রায় ৩ (তিন) মাস সময়ের প্রয়োজন হয়।

৩। ইপিআই কর্তৃক ভ্যাকসিন ক্রয় বাবদ অগ্রিম প্রদানকৃত অর্থের ভ্যাকসিন কয়েকটি ধাপে Purchase order এর মাধ্যমে সরবরাহ করা হয়। সর্বশেষ Purchase order এর ভ্যাকসিন পাওয়ার পরই কেবল ইউনিসেফ SOE প্রদানের প্রক্রিয়া শুরু করে এবং এটি শেষ হতে প্রায় আরও এক মাস সময়ের প্রয়োজন হয়। আরপিএ (জিওবি) খাতের ৩য় ও ৪র্থ কিস্তির ভ্যাকসিন উপখাতের অর্থ একত্রে ছাড় করা প্রয়োজন।

৪। উল্লেখ্য, ইপিআই কার্যক্রমের ভ্যাকসিন সংগ্রহের জন্য ১ম ও ২য় কিস্তির অবমুক্তকৃত অর্থ হতে ১৩০০০.১২ লক্ষ টাকা অগ্রিম উত্তোলনের জন্য ইতোপূর্বে লাইন ডাইরেক্টর প্রেরিত প্রস্তাবটি বর্তমানে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।

৫। এমতাবস্থায়, ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির অধীন মেটারনাল, নিউনেটাল, চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ" (কোড-১২৭-০২০১- ২২৪০২১০০৪) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে আরপিএ (জিওবি) খাতের ৩২৫২১০৯-ঔষধ ও প্রতিষেধক কোডের ৩য় ও ৪র্থ কিস্তি বাবদ ১২৮৪৩.৪২ লক্ষ (একশত আটাশ কোটি তেতাল্লিশ লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা সফলভাবে ইপিআই কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত একত্রে ছাড়ের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বনর্নামতে


(মোহাম্মদ নাসির উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৫৩

বিতরণ:

১। সদস্য

অর্থ সামাজিক অবকাঠামো বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
(দৃ:আ: যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং)।

সদস্য

২। কার্যক্রম বিভাগ
পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
(দৃ:আ: যুগ্ম-প্রধান, অর্থ সামাজিক)।

অনুলিপি:

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২. লাইন ডাইরেক্টর, নিউনেটাল চাইল্ড এন্ড এডোলেসেন্ট হেলথ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৪. যুগ্মসচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।